



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd)



স্মারক নং-বামাশিবো/পরীক্ষা/আলিম-২০/৪৩৫

তারিখ : ১৯ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ  
০২ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন ২০২০ সালের আলিম পরীক্ষার গোপনীয় কাগজপত্র জেলা/থানা ট্রেজারী থেকে গ্রহণপূর্বক কেন্দ্রে সংরক্ষণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের আলিম পরীক্ষা করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবের কারণে সরকার কর্তৃক বাতিল ঘোষণা করা হয় এবং ইতিমধ্যে বিকল্প পদ্ধতিতে তার ফলাফলও প্রকাশিত হয়েছে।

এমতাবস্থায়, ট্রেজারিতে সংরক্ষিত প্রশ্নপত্রের ট্রাংক ও গোপনীয় কাগজপত্র যে সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা এখনো কেন্দ্রে নিয়ে আসেননি তাদেরকে অনতিবিলম্বে জেলা/ থানা ট্রেজারী থেকে প্রশ্নপত্রের ট্রাংক ও গোপনীয় কাগজপত্র নিজ নিজ কেন্দ্রে নিয়ে আসার ব্যবস্থা করার জন্য বলা হলো। পরবর্তী দাখিল/আলিম পরীক্ষার জন্য মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র, এমসিকিউ ওএমআর ও সিকিউরিটি খামসহ আনুষাঙ্গিক কাগজপত্র কেন্দ্রে নিরাপত্তাসহ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

সিলগালাকৃত ট্রাংকে রক্ষিত ২০২০ সালের আলিম পরীক্ষার প্রশ্নপত্র ও ট্রাংক বোর্ডে জমা দেওয়ার বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত শীঘ্রই মাদ্রাসা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

উপর্যুক্ত বিষয়সমূহ বাস্তবায়নের ব্যাপারে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সকল ভারপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মোঃ কামাল উদ্দিন  
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স : ৫৮৬১৭৯০৮

ই-মেইল: controller@bmeb.gov.bd

ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)  
আলিম পরীক্ষা-২০২০


স্মারক নং-বামাশিবো/পরীক্ষা/আলিম-২০/৪৩৫(৪)



তারিখ : ১৯ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ  
০২ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

## সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক (সকল);
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
- ৩। পি ও টু চেয়ারম্যান (মহোদয়ের সদয় অবগতির জন্য) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- ৪। অফিস কপি।



ড. মোঃ হুসাইন মাহমুদ ফারুক  
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোন : ৯৬৭৫৩৬৯

